



রাগ ধোয়া ও যত্নের গাইড

আপনার হাতে-বানানো মিস্ক কটন রাগের যত্ন নিন সঠিক নিয়মে

Fifth Knot-এর প্রতিটি রাগ আপনার পছন্দের ডিজাইন অনুযায়ী হাতে টাফটিং করে বানানো হয়। নরম মিস্ক কটন সুতা কাপড়ের ওপর গৈঁথে ডিজাইন তোলা হয়, তারপর পেছনে ব্যাকিং লাগিয়ে সুতাগুলো শক্ত করে আটকানো হয়। এই ব্যাকিং বেশি পানি, গরম বা ঘষাঘষিতে নষ্ট হতে পারে। তাই যত্নের সহজ নিয়ম হলো: **ঠান্ডা পানি, হালকা হাতে চেপে পরিষ্কার, আর ছায়ায় পুরোপুরি শুকানো**। ধোয়ার আগে গাইডটি একবার পড়ে নিন।

প্রতিদিনের যত্ন

- ✓ সপ্তাহে ১-২ বার হালকা ভ্যাকুয়াম বা নরম ব্রাশে ধুলা পরিষ্কার করুন।
- ✓ ভ্যাকুয়ামের ঘূর্ণায়মান ব্রাশ **বন্ধ** রাখুন, নইলে সুতা উঠে আসতে পারে।
- ✓ কিছু পড়লে সাথে সাথে টিস্যু বা শুকনো কাপড় দিয়ে **চেপে** তুলে নিন।
- ✓ মাঝে মাঝে রাগ ঘুরিয়ে বিছান, যাতে সব দিকে সমান ক্ষয় হয়।

দাগ লাগলে করণীয়

- ১ শুকনো টিস্যু বা কাপড় দিয়ে **চেপে** ময়লা বা তরল তুলে নিন। ঘষবেন না, এতে দাগ ছড়ায়।
- ২ ঠান্ডা পানিতে অল্প মাইল্ড শ্যাম্পু বা তরল ডিটারজেন্ট মিশিয়ে নরম কাপড় ভিজিয়ে নিন।
- ৩ ভেজা কাপড় দিয়ে দাগের ওপর **চেপে চেপে** লাগান, বাইরের দিক থেকে ভেতরের দিকে।
- ৪ পরিষ্কার পানিতে ভেজানো কাপড়ে চেপে সাবান তুলে ফেলুন।
- ৫ শুকনো তোয়ালে দিয়ে চেপে পানি শুষে নিয়ে ছায়ায় শুকাতে দিন।

পরামর্শ: নতুন কোনো ক্লিনার ব্যবহারের আগে রাগের একদম কোণার ছোট জায়গায় পরীক্ষা করে নিন, রং উঠছে কি না দেখুন।

পুরো রাগ ধোয়া

খুব বেশি নোংরা হলে তবেই পুরো ধুবেন, তা-ও শুধু **হাতে**।

- ১ বাথটাব বা বড় গামলায় **ঠান্ডা পানি** আর অল্প মাইল্ড ডিটারজেন্ট নিন।
- ২ হাত দিয়ে **হালকা চাপ** দিয়ে ধুয়ে নিন। ব্রাশ দিয়ে ঘষবেন না।
- ৩ পরিষ্কার ঠান্ডা পানিতে দুইবার সাবান পুরোপুরি বের করুন।
- ৪ **মুচড়াবেন না, নিংড়াবেন না**। বড় শুকনো তোয়ালের ভেতর রেখে চেপে পানি শুষে নিন।

শুকানোর নিয়ম

- ✓ ছায়ায়, বাতাস চলাচল করে এমন জায়গায় সমান করে বিছিয়ে শুকান।
- ✓ মাঝে মাঝে উল্টে দিন, যাতে দুই পাশই শুকায়।
- ✓ ব্যাকিং সহ **পুরোপুরি শুকানোর পরেই** ব্যবহার করুন।
- ✓ ভেজা অবস্থায় ভাঁজ করে বা গুটিয়ে রাখবেন না।

**⚠ সতর্কতা: এগুলো কখনো করবেন না**

- ✗ ওয়াশিং মেশিনে বা ড্রয়ারে দেবেন না। সুতা ও ব্যাকিং দুটোই নষ্ট হয়।
- ✗ সরাসরি রোদে, হিটারে বা হেয়ার ড্রয়ারে শুকাবেন না।
- ✗ ড্রাই ক্লিন করাবেন না। কেমিক্যালে ব্যাকিং খারাপ হতে পারে।
- ✗ ইঙ্গি করবেন না।
- ✗ ব্রিচ বা কড়া কেমিক্যাল (হারপিক, ফিনাইল ইত্যাদি) ব্যবহার করবেন না।
- ✗ জোরে ঘষা, ব্রাশ করা, মোচড়ানো বা টেনে নেওয়া চলবে না।
- ✗ গরম পানি ব্যবহার করবেন না। রং ফ্যাকাশে হয়, সুতা সংকুচিত হতে পারে।
- ✗ ভেজা বা স্যাঁতসেঁতে জায়গায় রাখবেন না।

পণ্য অনুযায়ী যত্ন

পণ্য	যত্ন কীভাবে নেবেন
ডেস্ক বা কিবোর্ড রাগ	নিয়মিত হালকা ঝাড়া ও ভ্যাকুয়াম। চা-কফি পড়লে সাথে সাথে চেপে তুলুন।
মিনি রাগ ও কোস্টার	কাপের পানি বা ঘাম জমতে দেবেন না। ভিজ়ে গেলে ছায়ায় সমান করে শুকান।
ফ্লোর রাগ	নিয়মিত ভ্যাকুয়াম (ব্রাশ বন্ধ রেখে)। ঘুরিয়ে বিছান। ভেজা জায়গায় রাখবেন না।
ওয়াল আর্ট	পানি দিয়ে ধুবেন না। শুধু নরম ব্রাশ বা শুকনো কাপড়ে ধুলা ঝাড়ুন। স্যাঁতসেঁতে দেয়ালে ঝোলাবেন না।
মিরর ফ্রেম	আয়নার ক্রিনার বা পানি রাগের ওপর পড়তে দেবেন না। রাগের অংশ শুকনো কাপড় বা নরম ব্রাশে পরিষ্কার করুন।

সাধারণ সমস্যা ও সমাধান

সমস্যা	সমাধান
সুতা উঠে আসছে	টেনে ছিঁড়বেন না। কাঁচি দিয়ে উঁচু হয়ে থাকা সুতা গোড়া থেকে কেটে দিন। শুরুতে অল্প সুতা ওঠা স্বাভাবিক।
রাগে গন্ধ হচ্ছে	ছায়ায় বাতাস চলাচল করে এমন জায়গায় কয়েক ঘণ্টা রাখুন। ভিজ়ে থাকলে পুরোপুরি শুকান।
রাগ বেঁকে বা কুঁচকে গেছে	ছায়ায় সমান করে বিছিয়ে ওপরে হালকা ভার রেখে কিছুক্ষণ রাখুন।
বড় দাগ যাচ্ছে না	বেশি ঘষবেন না। আমাদের ইনবক্সে দাগের ছবি পাঠিয়ে পরামর্শ নিন।
পোষা প্রাণী বা বাচ্চার কারণে নোংরা	তরল চেপে তুলুন, তারপর দাগ পরিষ্কারের নিয়মে মুছে ভালোভাবে শুকান।

সাহায্য লাগবে? রাগ নিয়ে যেকোনো প্রশ্ন বা সমস্যায় Fifth Knot-এর ইনবক্সে মেসেজ করুন। দাগ বা সমস্যার ছবি দিলে পরামর্শ দেওয়া সহজ হয়।

আপনার রাগ, আপনার গল্প। যত্নে থাকুক বছরের পর বছর।